

FAQ (বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী)

হাই স্কুল সমমানের (HSE - হাই স্কুল ইকুইভ্যালেন্সি) ডিপ্লোমা বলতে কী বুঝায় এবং সেটি দিয়ে আমি কী করতে পারি?

একটি HSE ডিপ্লোমা গ্র্যাজুয়েশনের একটি বিকল্প পথ (যা GED® হিসেবেও পরিচিত)। কলেজ এবং পেশাজীবনের প্রশিক্ষণ কর্মসূচিগুলোতে সুযোগসহ গ্র্যাজুয়েশনের পর এটি আপনার জীবনে বৃহত্তর সুযোগের সৃষ্টি করবে। আপনি যদি ইতোমধ্যে চাকরিরত হয়ে থাকেন, তবে একটি HSE ডিপ্লোমা আপনার ক্যারিয়ারের বিকল্প এবং আয়ের পরিসীমা বৃদ্ধি করবে।

রেফারেল সেন্টারগুলো কী?

রেফারেল সেন্টারগুলি হলো আপনার সকল শিক্ষাবিষয়ক প্রশ্নের জবাব একই স্থানে পাবার স্থান। আমরা আপনাকে বিনাখরচের HSE প্রোগ্রামে এনরোল করায়, এবং/অথবা হাই স্কুলের বিকল্পসমূহ অনুসন্ধান সহায়তা প্রদান করতে পারি। আমরা কাউন্সেলিং, পেশাগত প্রশিক্ষণ, এবং মাদক দ্রব্য আপব্যবহারের চিকিৎসার রেফারেল অথবা বিভিন্ন সহায়ক পরিষেবাও প্রদান করবো।

প্যাথওয়েজ টু গ্র্যাজুয়েশন (গ্র্যাজুয়েশনের উপায়সমূহ - (P2G) কী?

P2G একটি বিনাখরচের ডিস্ট্রিক্ট 79 প্রোগ্রাম যা 17-21 বছর বয়সের শিক্ষার্থীদের GED পরীক্ষা দিতে, তাদের HSE ডিপ্লোমা অর্জন, এবং কলেজ এবং পেশাগত সুযোগ দানের লক্ষ্যে প্রস্তুত করে।

প্রথাগত হাই স্কুল আমার কোনো কাজে লাগেনি। P2G এটা থেকে কীভাবে ভিন্ন?

P2G-তে, আমরা শিক্ষার্থীদেরকে ক্লাসরুম শিক্ষা-নির্দেশনার চেয়ে বেশি কিছু প্রদান করি। P2G শিক্ষকদের অভ্যন্তরীণ পরিবেশে ক্লাস গ্রহণের ব্যবস্থা রয়েছে যেমন হাসপাতাল, অলাভজনক প্রতিষ্ঠান, কমিউনিটি সেন্টার এবং হাই স্কুল বিল্ডিংসমূহে। আমাদের কাউন্সিলরগণ আপনাকে কলেজ এবং কর্মস্থলে সাফল্য অর্জনের জন্য প্রয়োজনীয় দক্ষতা লাভে সহায়তা প্রদান করবেন।

কলেজ এবং পেশা বিষয়ক কোচগণ ভবিষ্যত পরিকল্পনায় আপনাকে সহায়তা প্রদান করবেন। আমাদের ওয়ার্কফোর্স ডেভেলোপমেন্ট প্রোগ্রাম পেশাগত প্রশিক্ষণ এবং বেতনসহ ইন্টার্নশিপের সুযোগ প্রদান করে।

আমার বয়স 21 বছরের উপরে। আমি কীভাবে আমার HSE ডিপ্লোমা অর্জন করতে পারি?

যদি আপনার বয়স 21 বছরের উপরে হয়, অ্যাডাল্ট এডুকেশন আপনাকে HSE ডিপ্লোমা অর্জনে সহায়তা করতে পারে। আরও তথ্যের জন্য

www.schools.nyc.gov দেখুন অথবা (646) 481-8227 নম্বরে ফোন করুন।

6-টি সুবিধাজনক স্থান

এখানে রেজিস্টার করুন

ব্রঙ্ক্স 718.518.3320

1010 Rev James A Polite Ave, Room 436

ট্রেন: 2 অথবা 5 ট্রেনে Prospect Ave

বাস: Bx4, Bx6, Bx17

ডাউনটাউন ব্রুকলিন 718.935.9457

69 Schermerhorn Street

ট্রেন: 2,3,4,5 ট্রেনে Borough Hall; A, C, F, R ট্রেনে Jay

Street/Metro Tech; D, B, N, Q ট্রেনে Dekalb Ave

বাস: B52, B26, B41, B103, B45, B57

বয়েজ অ্যান্ড গার্লস রেফারেল সেন্টার 718.804.6750

1700 Fulton Street, 3rd Floor Brooklyn, NY 11213

ট্রেন: A, C বাস: B25,B15

ম্যানহ্যাটন 212.244.1274

269 West 35th Street, at 8th Ave, 11th Floor

ট্রেন: 1, 2, 3, A, B, C, D, E, F, N, Q, R ট্রেনে 34th St বাস:

M10, M11, M16, M20, M34

কুইন্স 718.739.2100

162-02 Hillside Ave

Jamaica Queens 11432

ট্রেন: F

বাস: Q1,Q2, Q3, Q36,Q43, Q65

স্ট্য টেন আইল্যান্ড

365 Bay Street

Staten Island. NY 10301

(917) 722-3800

আরও তথ্যের জন্য

রেফারেল সেন্টার হটলাইন: 929-352-2206 ওয়েবসাইট: p2g.nyc/contact/

Referral Centers

হাই স্কুল বিকল্পের জন্য

একটি ডিপ্লোমা প্রয়োজন?

আমাদের সহায়তায়

অর্জন করুন

আপনি কীভাবে
শেষ করেছেন সেটিই
উল্লেখযোগ্য!

আপনার সাফল্যে সহায়তাদানে উৎসর্গীকৃত

একটি স্থান খুঁজে নিন এবং রেজিস্টার করুন

1 রেজিস্টার করতে আপনার সবচেয়ে কাছের রেফারেল সেন্টারটি খুঁজে নিন। একজন অভিজ্ঞ গাইডেন্স কাউন্সিলর অথবা সোশ্যাল ওয়ার্কারের সাথে মিলিত হবার পর এবং একটি ভর্তি পরীক্ষা নিয়ে, আমরা আপনাকে 5-টি বরো ব্যাপী 85-টি সাইটের যেকোনো একটিতে রেজিস্টার করবো।



অংশগ্রহণ করুন এবং কাজ সম্পন্ন করুন

2 ক্লাসগুলি দিনের বেলা অনুষ্ঠিত হয় এবং NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশনের স্কুল ক্যালেন্ডার অনুসরণ করে। সম্পূর্ণ করতে কমপক্ষে 6 সপ্তাহ লাগতে পারে, কিন্তু এতে আরও বেশি সময় লাগতে পারে যা নির্ভর করে অ্যাকাডেমিক স্তর কী এবং কতগুলো ক্লাসে অংশ নিয়েছে তার উপর। আপনি যত বেশি ক্লাসে যোগ দেবেন, তত দ্রুত আপনি HSE ডিপ্লোমা অর্জন করবেন!



পরীক্ষা দিন

3 GED একটি চ্যালেঞ্জিং ব্যাপার, কিন্তু P2G শিক্ষকগণ এবং কর্মীবৃন্দ আপনাকে সেটি পাস করার জন্য প্রস্তুত করতে পারেন। পরীক্ষাটির 4-টি অংশ আছে এবং এটি 7 ঘণ্টা দীর্ঘ। আপনি যখন GED পাসের জন্য প্রস্তুতি নেন এবং আপনার HSE ডিপ্লোমা অর্জন করেন, কলেজ অ্যান্ড ক্যারিয়ার রিসোর্স সেন্টার আপনার পরবর্তী পদক্ষেপ পরিকল্পনায় আপনাকে সহায়তা প্রদান করবে।



সফল

4 কঠোর পরিশ্রমের মাধ্যমে, আপনি GED পাস করবেন এবং থ্রাজুয়েট হবেন। আপনার HSE ডিপ্লোমা অর্জন নতুন এবং উদ্দীপনাময় শিক্ষাগত এবং পেশাগত সুযোগ তৈরির পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ!

